107

ভোরের কাগজ

তারিখ ... JUN 25 1999 ...
পৃষ্ঠা ৪ কলাম ৭

## কলেজ অধ্যক্ষদের স্থগিত বেতন প্রসঙ্গে

১৯৯৭ সালে এইচএসসি পরীক্ষায় কয়েকটি কলেজের ফলাফল স্থগিত হওয়ার কারণে রাজশাহী ও কুমিল্লা বোর্ডের শতাধিক কলেজের অধ্যক্ষের বেতন-ভাতার সরকারি অংশ নভেম্বর '৯৭ থেকে স্থগিত রাখা হয়েছে। পরবর্তী সময়ে মন্ত্রণালয় থেকে বিভিন্ন কলেজে তদন্ত অনুষ্ঠিত হয় এবং পর্যায়ক্রমে কলেজগুলোর অধ্যক্ষকে স্থগিত বেতন-ভাতার সরকারি অংশ ৯-১২-৯৭ ও ৫-০২-৯৮ তারিখের ৩২৯৯/ক-৩ ও ৩৯৪/ক-৩ স্মারকে ছাড়করণ করা হয়। কিন্তু বেতন-ভাতার সরকারি অংশ মন্ত্রণালয় থেকে ছাড়করণ হলেও বৈষম্যের শিকার হয়েছেন বেশ কয়েকটি কলেজের অধ্যক্ষ।

১৯৯৭ সালে কোনো কারণ না দর্শিয়ে কয়েকটি কলেজের অধ্যক্ষের বেতন-ভাতার সরকারি অংশ স্থগিত করা হয় এবং জুন '৯৮ থেকে স্থগিত বেতন-ভাতা ছাড়করণ হলেও নভেম্বর '৯৭ থেকে মে '৯৮ অর্থাৎ সাত মাসের বেতন-ভাতার সরকারি অংশ দেওয়া হয়নি। শিক্ষা মন্ত্রণালয় কিংবা ডিজি অফিস থেকে এই সাত মাসের বেতন স্থগিত করার ব্যাপারে কোনো কারণ ব্যাখ্যা করা হয়নি। ভুক্তভোগী অধ্যক্ষগণ বারবার মন্ত্রণালয় ও ডিজি অফিসে যোগাযোগ করে কোনো ফল পাননি। শিক্ষা মন্ত্রণালয় ভুক্তভোগী অধ্যক্ষদের বিষয়টির প্রতি দৃষ্টি দেবেন

মহিউদ্দিন শীরু
অধ্যক্ষ
বালাগঞ্জ কলেজ, সিলেট